

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ১৬/২০১৮

তারিখ : ২৫/০২/২০১৮খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যবৃন্দের প্রতি,

### রাসায়নিক পণ্য আমদানিতে বিধিনিষেধ সংক্রান্ত দৃষ্টি আকর্ষণ

সম্মানিত সদস্য/সদস্যদের জানানো যাচ্ছে যে, রাসায়নিক পণ্য আমদানিতে বিধিনিষেধ আরোপ করে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক তফসিলভুক্ত রাসায়নিক অস্ত্র (নিষিদ্ধকরণ) আইন, ২০০৬ এবং তালিকাভুক্তকরণ বিধিমালা, ২০১০ জারী করা হয়। এ প্রেক্ষিতে রাসায়নিক পণ্য আমদানি, উৎপাদন, মজুদকরণ এবং ব্যবহার বিষয়ে সাধারণ সচেতনতা গড়ে তুলার লক্ষ্যে গত ২৮/০১/২০১৮খ্রিঃ কাস্টম হাউসের অডিটরিয়ামে Executive Cell, Bangladesh National Authority for Chemical Weapons Convention (BNACWC) ও অত্র এসোসিয়েশনের যৌথ উদ্যোগে এসোসিয়েশনের সম্মানিত সদস্য ও তাঁদের প্রতিনিধিদের সাথে একটি Interactive Session এর আয়োজন করা হয়। উক্ত সভায় আমদানিতে বিধিনিষেধ আরোপকৃত রাসায়নিক পণ্য সমূহের তালিকা এবং তালিকাভুক্ত রাসায়নিক পণ্য সমূহ আমদানির পূর্বে BNACWC-তে প্রতিষ্ঠানের তালিকাভুক্তকরণ বাধ্যতামূলক বিষয়ে অবহিত করা হয়। BNACWC এর নিকট আমদানিকারক প্রতিষ্ঠান তালিকাভুক্তকরণ ব্যতিরেকে যেন আমদানি নিষিদ্ধ রাসায়নিক পণ্য আমদানি না করে সে বিষয়ে সিএন্ডএফ এজেন্টদের মাধ্যমে আমদানিকারকদের অবহিত করার জন্য অনুরোধ করা হয়। পাশাপাশি আমদানিকারক কর্তৃক আমদানি নিষিদ্ধ রাসায়নিক পণ্য আমদানি করা হয়েছে কিনা এবং আমদানি করা হলে আমদানিকারক প্রতিষ্ঠান BNACWC এর নিকট তালিকাভুক্ত কিনা তা যাচাই করার জন্য সিএন্ডএফ এজেন্টদের সচেতন করা হয়।

আমদানি নিষিদ্ধ রাসায়নিক পণ্য সমূহের তালিকা ও প্রযোজ্য বিধানবলী আমদানি নীতি আদেশ (২০১৫ - ২০১৮) এর ৬ষ্ঠ অধ্যায়ের ধারা - ২৬ এর উপধারা - ৫৯ (পৃষ্ঠা নং - ১৩৭৪) এ উল্লেখ আছে। পাশাপাশি পণ্য সমূহের তালিকা BNACWC এর ওয়েবসাইট <http://www.bnacwcafd.gov.bd/schedule-chemicals-1/> এবং <http://www.bnacwcafd.gov.bd/schedule-2-3-chemical/> লিংক এ পাওয়া যাবে। এছাড়া রাসায়নিক অস্ত্র (নিষিদ্ধকরণ) আইন, ২০০৬ এবং তালিকাভুক্তকরণ বিধিমালা, ২০১০ <http://www.bnacwcafd.gov.bd/bangladesh-gazette/> লিংক এ পাওয়া যাবে।

স্বাক্ষরিত/-

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)

সাধারণ সম্পাদক

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং

এজেন্টস্ এসোসিয়েশন